



জাতিসংঘের মানবাধিকার বিষয়ক বিশ্বজনীন পর্যায়ক্রমিক পর্যালোচনা ব্যবস্থার অধীন, বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতির পর্যালোচনা অনুষ্ঠিত হবে।

জেনেভা (৮ নভেম্বর ২০২৩)- সোমবার, ১৩ই নভেম্বর ২০২৩ জেনেভায়, জাতিসংঘের মানবাধিকার বিষয়ক কাউন্সিলের বিশ্বজনীন পর্যায়ক্রমিক পর্যালোচনা (Universal Periodic Review/ UPR) ওয়ার্কিং গ্রুপের এক বৈঠকে, চতুর্থ বারের মত বাংলাদেশের মানবাধিকার সংক্রান্ত বিষয়বলীর পর্যালোচনা করা হবে। পর্যালোচনার বৈঠকটি নিচের লিঙ্কে সরাসরি সম্প্রচারিত হবে।

<https://media.un.org/en/asset/k1x/k1xoo0ty90>

ইউপিআর ওয়ার্কিং গ্রুপের ৬-১৭ নভেম্বর ২০২৩ তারিখের আসন্ন বৈঠকে যে ১৪ দেশের মানবাধিকার পরিস্থিতি পর্যালোচিত হবে বাংলাদেশ সেগুলোর মধ্যে একটি দেশ।

এর আগে ফেব্রুয়ারি ২০০৯, এপ্রিল ২০১৩ এবং মে ২০১৮ [বাংলাদেশের যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দফার পর্যালোচনা অনুষ্ঠিত হয়েছে।](#)

ইউপিআর ওয়ার্কিং গ্রুপ মানবাধিকার বিষয়ক কাউন্সিলের ৪৭ সদস্য রাষ্ট্রের সমন্বয়ে গঠিত। তবে জাতিসংঘের ১৯৩ সদস্য রাষ্ট্রের প্রত্যেকেই কোন রাষ্ট্রের এই পর্যালোচনায় অংশগ্রহণ করতে পারে।

পর্যালোচনাগুলো যে নথিপত্রের ভিত্তিতে হয়ে থাকে, তা হলঃ

- ১) জাতীয় প্রতিবেদন - পর্যালোচিত দেশের পেশকৃত প্রতিবেদন; ২) স্বতন্ত্র মানবাধিকার বিশেষজ্ঞ ও গ্রুপ, যা “স্পেশাল প্রসিডিউরস” হিসাবে পরিচিত, বিভিন্ন মানবাধিকার চুক্তি তদারক কমিটি, এবং জাতিসংঘের অন্যান্য সংস্থার প্রতিবেদনে সন্নিবেশিত তথ্য; এবং
- ৩) জাতীয় মানবাধিকার প্রতিষ্ঠান, আঞ্চলিক সংস্থা ও নাগরিক সমাজের গোষ্ঠীসমূহসহ অন্যান্য অংশীজনের দেওয়া তথ্য।

বাংলাদেশের পর্যালোচনার ভিত্তি হিসাবে কাজ করা প্রতিবেদন তিনটি পাওয়া যাবে এখানে-

<https://www.ohchr.org/en/hr-bodies/upr/bd-index>



স্থান: রুম ২০, প্যালাইস ডেস নেশনস, জেনেভা

সময় ও তারিখ: ৯:০০-১২:৩০, সোমবার, ১৩ নভেম্বর ২০২৩ (জেনেভা সময়, জিএমটি +১ ঘণ্টা)

ইউপিআর হচ্ছে জাতিসংঘের মোট ১৯৩ সদস্য রাষ্ট্রের যুগ্ম পর্যালোচনা (পিয়ার রিভিউ)। এপ্রিল ২০০৮ প্রথমবারের মত এর বৈঠক অনুষ্ঠিত হওয়ার পর থেকে জাতিসংঘের ১৯৩ সদস্য রাষ্ট্রের, প্রত্যেকেই এ পর্যন্ত তিনবার পর্যালোচিত হয়েছে।

চতুর্থ ইউপিআর আবর্তনের সময় রাষ্ট্রগুলোর কাছে আবারও প্রত্যাশা করা হচ্ছে, যে তারা গতবারের পর্যালোচনাকালীন সুপারিশগুলো, যা তারা এর পূর্বে অনুসরণ করার এবং দেশের সাম্প্রতিক মানবাধিকার পরিস্থিতির উন্নতিগুলো তুলে ধরার প্রতিশ্রুতি দিয়েছিল, বাস্তবায়নের জন্য গৃহীত পদক্ষেপসমূহ ধাপে ধাপে বিশদভাবে উল্লেখ করবে।

বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন, বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী, আনিসুল হক।

বাংলাদেশকে পর্যালোচনার জন্য দায়িত্বপ্রাপ্ত তিন প্রতিনিধি (‘ট্রয়কা’) দেশ হচ্ছে কিউবা, পাকিস্তান ও রোমানিয়া।

অধিবেশনের ওয়েবকাস্ট লিংক পাওয়া যাবে এখানেঃ

<https://media.un.org/en/asset/k1x/k1xoo0ty90>

বাংলাদেশের পর্যালোচনাকালে বক্তা ও সকল প্রদত্ত বক্তব্যের তালিকা পোস্ট করা হবে, এই

লিঙ্কে: <https://uprmeetings.ohchr.org/Sessions/44/Bangladesh/Pages/default.aspx>



ইউপআিআর ওয়ার্কিং গ্রুপের বুধবার, ১৫ই নভেম্বর ২০২৩ বিকাল ৩:৩০ থেকে সন্ধ্যা ৬:৩০-এর মধ্যে বাংলাদেশ সম্পর্কে সুপারিশমালা গ্রহণ করবে। পর্যালোচনাধীন রাষ্ট্র উত্থাপিত সুপারিশগুলো সম্পর্কে নিজের অবস্থান ব্যক্ত করতে চাইতে পারে।

আরও তথ্য ও মিডিয়া সংক্রান্ত অনুরোধের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুনঃ

প্যাসকেল সিম, এইচআরসি মিডিয়া অফিসার, simp@un.org

ডেভিড দিয়াজ মার্টিন, এইচআরসি পাবলিক ইনফরমেশন অফিসার,
david.diazmartin@un.org

এবং

ভেরেনা বনগার্তজ, এইচআরসি পাবলিক ইনফরমেশন অফিসার, verena.bongartz@un.org.

এই পর্যালোচনা সম্পর্কে আরও জানতে, এই লিঙ্কে যান: www.ohchr.org/en/hr-bodies/upr/upr-main

সামাজিক যোগাযোগ মাধ্যমে জাতিসংঘ মানবাধিকার কাউন্সিলি অনুসরণ করুন:

[Facebook](#) | [Twitter](#) | [YouTube](#) | [Instagram](#)